গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
স্থানীয় সরকার শাখা
রাজবাড়ী
www.rajbari.gov.bd

**রাজবাড়ী জেলার বালিয়াকান্দি উপজেলার জামালপুর ইউনিয়ন পরিষদ পরিদর্শন**

পরিদর্শনকারী কর্মকর্তা ঃ আসাদুজ্জামান রিপন
উপপরিচালক, স্থানীয় সরকার
রাজবাড়ী

পরিদর্শনের তারিখঃ ২০/০৬/২০২৩

২০/০৬/২০২৩ তারিখে রাজবাড়ী জেলার বালিয়াকান্দি উপজেলার জামালপুর ইউনিয়ন পরিষদ পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে এ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান জনাব এ.কে.এম ফরিদ হোসেন, ইউনিয়ন পরিষদ সদস্যবৃন্দ এবং ইউনিয়িন পরিষদ সচিব জনাব মোঃ মনিরুজ্জান রানা উপস্থিত ছিলেন।

০২। অবস্থান: রাজবাড়ী জেলা শহর হতে দক্ষিণ-পূর্বদিকে ২৫ কি.মি.দূরে এ ইউনিয়ন পরিষদ অবস্থিত।

০৩। পরিদর্শন রেজিস্টারঃ রেজিস্টারটি বাধানো অবস্থায় সংরক্ষণ করা হচ্ছে এবং এতে পৃষ্ঠা সংখ্যা সম্বলিত প্রত্যয়ন রয়েছে। সর্ব শেষ গত ০৮-০৬-২০২২ তারিখে জনাব মোঃ মাহাবুর রহমান শেখ, উপপরিচালক (ভারপ্রাপ্ত),স্থানীয় সরকার, রাজবাড়ী কর্তৃক এ ইউনিয়ন পরিষদ পরিদর্শন করা হয় এবং পরিদর্শন প্রতিবেদন রেজিস্টারের সাথে সন্নিবেশিত করে পরিদর্শন মন্তব্যের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক গৃহীত ব্যবস্থার সংক্ষিপ্ত বিবরণ রেজিস্টারের সংশ্লিষ্ট কলামে লিপিবদ্ধকরার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

০৪। ট্যাক্স ধার্য্য ও আদায় : চলতি ২০২২-২০২৩ অর্থ বছরে মোট ট্যাক্স ধার্য্য ৫,৫০,০০০/- (পাঁচ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা মধ্যে ৪,৫০,০০০/- (চার লক্ষ পঞ্চাশ হাজার) টাকা আদায় করা হয়েছে মর্মে দেখা যায়। কর আদায় রেকর্ডপত্র পরীক্ষাকালে দেখা যায়, গত ২০২১-২০২২ অর্থবছরে ধার্যকৃত ৫,৫০,০০০/- (পাঁচ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা টাকার মধ্যে ৫,০০,৫০০/- (পাঁচ লক্ষ পাঁচশত) টাকা আদায় করা হয়েছিল। গত ২০২১-২২অর্থ বছরের চেয়ে বর্তমান ২০২২-২৩ অর্থ বছরে বছরের ট্যাক্স আদায়ের হার কম হয়েছে মর্মে দেখা যায়।ট্যাক্স আদায় কর্যক্রম আরো জোরদার করার জন্য ইউনিয়ন পরিষদ সচিবকে নির্দেশনা প্রদান করা হলো।

০৫। ইউনিয়ন পরিষদের সভা: ২০২২-২০২৩ অর্থ বছরে এ পর্যন্ত ১১ (এগারো) টি মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে মর্মে দেখা যায়। সরকারি নীতিমালা অনুযায়ী ইউনিয়ন পর্যায়ে গঠিত সকল কমিটির নিয়মিত সভা অনুষ্ঠানের জন্য চেয়ারম্যানকে পরামর্শ দেয়া হলো। সভার কার্যাবিবরণী সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করার জন্যও নিদের্শনা প্রদান করা হলো।

০৬। ক্যাশ বহি: ক্যাশ বইটি পরীক্ষা করা হলো। নির্ধারিত ফরমে ব্যবহৃত হচ্ছে এবং পৃষ্ঠা সংখ্যার প্রত্যয়ন আছে লিখিত হিসাব অনুযায়ী সাধারণ ক্যাশ বহিতে ৭৬,৭২৫/- (ছিয়াত্তর হাজার সাতশত পঁচিশ টাকা) ইউনিয়ন পরিষদ উন্নয়ন তহবিল ক্যাশ বহিতে ৫,৫৩,৭৭৫/- (পাঁচ লক্ষ তেপ্পান্ন হাজার সাতশত পঁচাত্তর টাকা) ১% ক্যাশ বহিতে ৪,৩০৬/- (চার হাজার তিনশত ছয় টাকা) উদ্বৃত্ত আছে দেখা যায় যা ব্যাংক একাউন্টে জমা আছে।

০৭। জন্ম নিবন্ধন রেজিস্টার: জামালপুর ইউনিয়ন পরিষদের জন্ম-নিবন্ধন রেজিস্টারটি সংরক্ষণ করা হয়েছে। রেজিস্টারটির পাতার ক্রমিক নম্বর লিপি বদ্ধ করা আছে। মাসিক জন্ম নিবন্ধন লক্ষ্য মাত্রা ৪৫ (পঁয়তাচল্লিশ)টি, নিবন্ধন হয়েছে ৩১টি এবং মাসিক

মৃত্যু নিবন্ধনের লক্ষ্য মাত্রা ১৩ টি, মৃত্যু নিবন্ধন হয়েছে ১৪টি। এ ইউনিয়নে জন্ম নিবন্ধনের লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি মর্মে দেখা যায়। নিবন্ধন কার্যক্রম জোরদার করার জন্য ইউনিয়ন পরিষদ সচিবকে নির্দেশনা প্রদান করা হলো।

০৮।**গ্রাম আদালত ব্যবস্থাপনা** : জামালপুর ইউনিয়ন পরিষদের আদালত রেজিস্টারটি যথাযথভাবে সংরক্ষণ করা হয়েছে। বর্তমানে রেজিস্টারটিতে নিম্নবর্ণিত তথ্য দেখা যায়-

| ক্রমিকনং | ২০২২-২০২৩ অর্থবছরের দায়েরকৃত মামলার সংখ্যা | ২০২২-২০২৩অর্থবছরের নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | ২০২২-২০২৩ অর্থবছরের অনিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | ৪৫টি | ৩৬টি | ৯টি | |

অনিষ্পত্তিকৃত মামলাসমূহ দ্রুত নিষ্পত্তি করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে নির্দেশনা প্রদান করা হলো।

০৯। **উন্নয়ন তহবিল এর কার্যক্রম:** উন্নয়ন তহবিল সংক্রান্ত রেজিস্টার ও নথিপত্র পরীক্ষাকালে দেখা যায়, ২০২২-২০২৩ অর্থবছরে উন্নয়ন তহবিল ক্যাশ বহিতে ৭৬,৭২৫/- (ছিয়াত্তর হাজার সাতশত পঁচিশ টাকা) টাকা স্থিতি রয়েছে, যা ব্যাংক হিসাবে জমা রয়েছে মর্মে দেখা যায়। নিম্নবর্ণিত ০২(দুই) টি উন্নয়ন তহবিলের প্রকল্প সরেজমিন পরিদর্শন করা হয়।

| ক্রমিক নং | প্রকল্পের নাম | বরাদ্দকৃত টাকা | ব্যয়িত টাকা | প্রকল্পের ধরণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | জামালপুর কোলাহাট সড়কে ডাঙ্গাহাতী মোহন কুন্ডুপাড়া হতে মথুরাপুর সড়ক অভিমুখে রাস্তা এইচবিবিকরণ। | ৫,৫২,৯০০/- | ৫,৫২,৯০০/- | যোগাযোগ | কাজের মান ভালো। |
| ০২ | ছাবনীপাড়া হাসমত বিশ্বাসের বাড়ি হতে চত্রার বিল অভিমুখে রাস্তা এইচ বিবিকরণ | ৭,০০,৩০০/- | ৭,০০,৩০০/- | যোগাযোগ | কাজের মান ভালো। |

১০। **ইউনিয়ন ডিজিটাল সেন্টার:**

পরিদর্শনের সময় ইউনিয়ন ডিজিটাল সেন্টার উদ্যোক্তাদের সাথে ইউনিয়ন ডিজিটাল সেন্টারের সার্বিক কার্যক্রম নিয়ে আলোচনা করা হয় এবং কীকী সেবা প্রদান করা হয়, সেবার পরিমাণ ও মান ইত্যাদি পর্যালোচনা করা হয়। দৈনিক রেজিস্টার পরীক্ষাকরে দেখা যায় ২০২২-২০২৩ অর্থবছরে এ পর্যন্ত মোট ১,৮০,০০০/- ( এক লক্ষ আশি হাজার) টাকা আয় হয়েছে। মে ২০২৩ মাসে আয় ১৫,০০০/- (পনেরো হাজার) টাকা, চলতি জুন ২০২৩ মাসে পরিদর্শনকালীন সময় পযন্ত মোট ৯,৬০০/- (নয় হাজার ছয়শত) টাকা আয় হয়েছে। ইউডিসির রেকর্ডপত্র যাচাই করে প্রতিয়মান হয়, এ সেন্টারের কার্যক্রম সন্তোষজনকভাবে পরিচালিত হচ্ছে। এধারা অব্যাহত রাখার জন্য উদ্যোক্তাকে পরামর্শ দেয়া হলো।

১১। **গার্ড ফাইল:** জামালপুর ইউনিয়ন পরিষদে সাধারণ গার্ড ফাইল দেখা যায় অনেক পুরাতন, উক্ত গার্ড ফাইল পরিবর্তন করে রিং গার্ড ফাইল ব্যবহার করার জন্য ইউনিয়ন পরিষদ সচিব ও চেয়ারম্যানকে নির্দেশনা প্রদান করা হলো।

১২। **ভিজিডি/ভিজিএফ কর্মসূচি:** প্রতিমাসে ৩০ কেজি হারে এ ইউনিয়নের ২৮০টি দুস্থ পরিবারকে ভিজিডির চাল প্রদান করা হয়। এছাড়া, সর্বশেষ ১৮/০৪/২০২৩ তারিখে ২২৮৫ টি পরিবারকে ১০ কেজি হারে চাল প্রদান কার হয়েছে মর্মে দেখা যায়।

১৩। **পত্র প্রাপ্তি রেজিস্টার:** জামালপুর ইউনিয়ন পরিষদের পত্র প্রাপ্তি রেজিস্টারটি সংরক্ষণ করা হয়েছে। রেজিস্টারটির পাতায় ক্রমিক নম্বর লিপি বদ্ধ করা আছে। উক্ত রেজিস্টারটিতে ৬০/- (ষাট)টি পত্র লিপিবদ্ধ করা হয়েছে মর্মে দেখা যায়।

১৪। **পত্র জারি রেজিস্টার:** জামালপুর ইউনিয়ন পরিষদের পত্র জারি রেজিস্টারটি সংরক্ষণ করা হয়েছে। রেজিস্টারটির পাতায় ক্রমিক নম্বর লিপি বদ্ধ করা আছে। উক্ত রেজিস্টারটিতে ৩৮/- (আটত্রিশ) টি পত্র জারি করা হয়েছে মর্মে দেখা যায়।

১৫। **উন্নয়ন প্রকল্প:** জামালপুর ইউনিয়ন পরিষদে ২০২২-২৩ অর্থবছরে টিআর প্রকল্পের আওতায় ৮,৬৯,০০০/- (আট লক্ষ উনসত্তর হাজার ) টাকার ৪টি প্রকল্প, কাবিটা প্রকল্পের আওতায় ৫,১৪,৮০০/- (পাঁচ লক্ষ চৌদ্দ হাজার আটশত) টাকার ২টি প্রকল্প, কাবিখা প্রকল্পের ২১ মেট্রিক টন চাউল বরাদ্দ প্রদান করা হয়েছে। উক্ত বরাদ্দকৃত চাউল হতে ৫টি এবং অতি দ্ররিদ্রদের জন্য কর্মসৃজন প্রকল্প খাতে ৫৬,১৬,০০০/- (ছাপ্পান্ন লক্ষ ষোল হাজার) টাকায় ৪ (চার)টি প্রকল্পের গ্রহণ করা হয়েছে মর্মে দেখা যায়।

46

১৬। <u>সার্বিক মন্তব্য:</u>

সার্বিক বিবেচনায় এই ইউনিয়ন পরিষদের কার্যক্রম সন্তোষজনক। অফিস ব্যবস্থাপনার মান উন্নয়নে তৎপরতা বৃদ্ধি, সকল কমিটির সভা নিয়মিত অনুষ্ঠান, গ্রাম-আদালত ও অনলাইন জন্ম-মৃত্যু নিবন্ধন কার্যক্রম, ট্যাক্স-আদায় কার্যক্রম জোরদারকরণ এবং এলাকার সার্বিক উন্নয়ন কার্যক্রম আরও তৎপরতা বৃদ্ধি করার জন্য চেয়ারম্যানসহ সকলকে অনুরোধ করা হলো। পরিদর্শনের সময় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ সদস্যবৃন্দ এবং ইউনিয়ন পরিষদ সচিবের সাথে এলাকার আইন-শৃংখলা পরিস্থিতি ও উন্নয়ন কার্যক্রম ও জন্ম-নিবন্ধন কার্যক্রম নিয়ে আলোচনা করা হয় এবং জনসেবা নিশ্চিত করতে সকলকে আন্তরিকতার সাথে কাজ করতে নির্দেশনা প্রদান করা হয়। জনসাধারণের ভোগান্তি রোধকল্পে সঠিক ও নির্ভুল জন্ম-মৃত্যু নিবন্ধন করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

২১/০৬/২০২৩

আসাদুজ্জামান রিপন
উপপরিচালক,স্থানীয় সরকার
রাজবাড়ী
ফোন নং-০২৭৮৮০৭৬৩৫

ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান
জামালপুর ইউনিয়ন পরিষদ
বালিয়াকান্দি ,রাজবাড়ী।

স্মারক নম্বর- ৪৬.০০.৮২০০.০১৮.০১১.২৪.২৩- ৬৬৬(৫)

তারিখ: ১২ আষাঢ় ১৪৩০
২৬ জুন ২০২৩

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে /কার্যার্থে প্রেরণ করা হলো -
০১। সচিব. স্থানীয় সরকার বিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা
০৪। জেলা প্রশাসক, রাজবাড়ী
০৫। উপজেলা নির্বাহী অফিসার, বালিয়াকান্দি, রাজবাড়ী
০৬। অফিস কপি।